

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

বরাবর,

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে পোনা মাছ অবমুক্তির কার্যক্রমের সময় সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় আলোকে আপনার সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ২য় ধাপে পোনা মাছ অবমুক্তির জন্য বরাদ্দ পত্রানুযায়ী ১২/১০/২০২২খ্রি. তারিখের মধ্য পোনা মাছ অবমুক্ত করার কথা। কিন্তু বর্তমানে মা-ইলিশ সংরক্ষণ কার্যক্রম চলমান থাকায় অভিযান চলাকালে পোনা অবমুক্ত করার কার্যক্রম বেশ কষ্টসাধ্য তথাপি চেষ্টা চলমান রয়েছে। কিন্তু ১২/১০/২০২২ এর মাধ্যমে পোনা অবমুক্ত করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় পোনা অবমুক্তির তারিখ ৩০/১০/২০২২ পর্যন্ত বর্ধিত করা হলে উক্ত সময়ের মধ্যে কার্যক্রমটি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পন্ন করতে সমর্থ হবো। এজন্য আগামী ৩০/১০/২০২২ পর্যন্ত পোনা অবমুক্তির সময়সীমা বর্ধিত করার জন্য মহোদয়ের নিকট সর্বিনয় অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

(সত্যজিৎ মজুমদার)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
 - ২। জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী।
 - ৩। অফিস কপি।
- স্মারক নং-৩৩.০২.৭৫২১.৫০১.২৭.০০২.২২-৩৫১/১(০৩)

তারিখ: ১০/১০/২০২২খ্রি.

স্বাক্ষর: ১০. 10. 2022

(সত্যজিৎ মজুমদার)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

স্মারক নং-৩৩.০২.৭৫২১.৫০১.২৭.০০২.২২-৩৫২


তারিখ: ১০/১০/২০২২খ্রি.

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে পোনা মাছ অবমুক্তির সময়সীমা বৃদ্ধির চিঠি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ২য় ধাপে পোনা মাছ অবমুক্তির সময়সীমা বৃদ্ধির চিঠি আপনার নিকট প্রেরণ করা হলো।

সংযুক্ত: পোনা অবমুক্তির সময়সীমা বৃদ্ধির চিঠি ০১ (এক)কপি।

জেলা মৎস্য কর্মকর্তা
নোয়াখালী।


(সত্যজিৎ মজুমদার)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কোম্পানীগঞ্জ, নোয়াখালী